বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
**www.lged.gov.bd**

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৪২৪ — তারিখঃ ১৩/০৭/২০২১ ইং

# পরিপত্র

বিষয়ঃ **কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয় পদ্ধতি নির্বাচন প্রসঙ্গে।**

সূত্রঃ ১। স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.২৭.০০৩.১৪-৫২৩, তারিখঃ ২৭/১২/২০১৮ খ্রিঃ।
২। স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-২৩৮, তারিখঃ ২৮/০৭/২০১৯ খ্রিঃ।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় উন্নয়নমূলক কজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সূত্রস্থ ১ নং স্মারক মূলে "দরপত্র দলিল প্রণয়ন, চুক্তি সম্পাদন ও বাস্তবায়ন" বিষয়ে আদেশ জারি করা হয়েছে। উক্ত আদেশের অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত রেখে ক্রমিক নং ১ এর নির্দেশনা নিম্নরূপ প্রতিস্থাপন করা হলোঃ

১. (ক) সাধারণভাবে, কোন স্কীমের/প্যাকেজের প্রাক্কলিত মূল্য ২.০ (দুই) কোটি টাকার মধ্যে থাকলে ক্রয় পরিকল্পনা প্রণয়নকালে পিপিআর ২০০৮ এর বিধি ৬৩(১)(ঘ) অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) অনুসরণ করতে হবে (± ৫%)।

(খ) কোন স্কীমের/প্যাকেজের প্রাক্কলিত মূল্য ২.০ (দুই) কোটি টাকার অধিক কিন্তু ৩০.০ (ত্রিশ) কোটি টাকার মধ্যে থাকলে ক্রয় পরিকল্পনা প্রণয়নকালে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) অনুসরণ করতে হবে (± ১০%)।

(গ) কোন স্কীমের/প্যাকেজের প্রাক্কলিত মূল্য ৩০.০ (ত্রিশ) কোটি টাকার উর্ধ্বে হলে ক্রয় পরিকল্পনা প্রণয়নকালে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি (OSTETM) অনুসরণ করতে হবে।

(ঘ) ব্যতিক্রমী পরিস্থিতিতে ৩.০ (তিন) কোটি টাকা পর্যন্ত সীমিত দরপত্র পদ্ধতি (LTM) অথবা অন্য কোন পদ্ধতি যুক্তিযুক্ত বিবেচিত হলে যৌক্তিকতা ব্যাখ্যাসহ নিম্নস্বাক্ষরকারীর অনুমোদন গ্রহণ করতে হবে।

(ঙ) উন্নয়ন সহযোগী/দাতা সংস্থার অর্থায়নে বাস্তবায়িতব্য স্কীম/প্যাকেজের ক্রয় পদ্ধতি নির্বাচনের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী/দাতা সংস্থার স্ব-স্ব পদ্ধতি/Financing Agreement বা ঋণের শর্ত অনুসরণ করতে হবে।

এ বিষয়ে পূর্বে জারিকৃত সূত্রোস্থ ২ নং স্মারকের পরিপত্রটি বাতিল করা হ'ল। এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

১৩/০৭/২০২১
**(মোঃ আব্দুর রশীদ খান)**
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৪২৪/১(৭) — তারিখঃ ১৩/০৭/২০২১ ইং

অনুলিপিঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৩। প্রকল্প পরিচালক (সকল), ..............................এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা:..............................।
৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ..........................উপজেলা, জেলা: ..........................।
৬। সিনিয়র সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/হিসাব রক্ষক, এলজিইডি, জেলা: ..........................।
৭। উপজেলা সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/হিসাব রক্ষক, এলজিইডি, ..........................উপজেলা জেলা: ..................................।

১৩/৭/২১
**(মো: আব্দুস সাত্তার)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

D\DIMAPP Project\Office Order\Paripattro Letter